MAR. 0 2 2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

## ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের আবেদন

ঢাকা কলেজ সুপ্রাচীন একটি শিক্ষাপ্রতিষ্ঠান। ১৮৪১ সালে তদানীন্তন ইংলিশ সেমিনারী স্কুল হইতে ইহা কলেজে রূপান্তর হয়। প্রতিষ্ঠালগ্ন হইতে প্রকৃত মানুষ গড়ার আদর্শ শিক্ষাপ্রতিষ্ঠান হিসাবে ঢাকা কলেজ সুনামের সহিত বলিষ্ঠ ভূমিকা পালন করিয়া আসিতেছে। রাজনৈতিক, প্রশাসনিক, শিক্ষা, সংস্কৃতি, শিল্প, সাহিত্য খেলাধুলা, গবেষণা ও অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ঢাকা কলেজের প্রত্যাশিত ভূমিকা গর্ব করিবার মত। প্রতি বৎসর বোর্ড ও বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত পরীক্ষায় অত্যন্ত কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনের মাধ্যমে প্রতিষ্ঠানটির সুনাম সর্বশীর্ষে। ১৯৯৮ সালে ঢাকা কলেজ 'শ্রেষ্ঠ কলেজ' হিসাবে মনোনীত হয়। ভবিষ্যতেও যে এ ধারা অব্যাহত থাকিবে তাহা বলাই বাহুল্য। ঐতিহ্যের উত্তরাধিকারী ঢাকা কলেজ সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে নিজেকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে ঘোষণা করিবার দাবী রাখে। বর্তমানে অত্র কলেজে ১৯টি বিষয়ে স্নাতক সম্মান ও ১৭টি বিষয়ে স্নাতকোত্তর কোর্স চালু রহিয়াছে। দেশের অধিকাংশ বরেণ্য শিক্ষাবিদ, চিকিৎসক, প্রকৌশলী, উচ্চ পদস্থ কর্মকর্তা একসময় এই ঢাকা কলেজেরই ছাত্র ছিলেন। বর্তমান সরকারের পরিকল্পনা অনুযায়ী দেশে বারটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব বিদ্যালয় স্থাপিত হইবে। আর তাই 'ঢাকা কলেজকেও ঢাকা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' নামে পূর্ণাঙ্গ একটি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের কথা বিবেচনা করা যায়। ইহাতে দেশের ভর্তি সমস্যা অনেকটা লাঘব হইবে এবং বর্তমান প্রজন্ম উচ্চ শিক্ষার সুযোগ পাইবে। বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট সকল মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শেখ হুমায়ুন আহমেদ (রুবেল),
ঢাকা কলেজ, ঢাকা।